



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
www.berc.org.bd

নম্বর: ২৮.০১.০০০০.০১৭.০৭.০৩৫.১৯-৪৬২৮

তারিখ: ১০ জুলাই ২০১৯

বার্ষিক প্রতিবেদনের কভার পেজের ডিজাইন আহবান

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট থেকে প্রতিযোগিতার মাধ্যমে কভার পেজের আকর্ষণীয় ডিজাইন আহবান করা যাচ্ছে।


২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন জ্বালানি খাতে ট্যারিফ নির্ধারণ, সালিশ মীমাংসা, লাইসেন্স প্রদান, ভোল্টার অভিযোগ নিষ্পত্তি, কোডস্ ও স্ট্যান্ডার্ড প্রণয়ন, অভিন্ন হিসাব পদ্ধতি চালু, এনার্জি অডিট প্রবর্তন, জ্বালানি খাত সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সংরক্ষণ ও প্রচার বিষয়ে কাজ করে থাকে।

১.	কভার পেজের ডিজাইন (হার্ড কপি ও সফট কপিসহ) জমাদানের সর্বশেষ সময়সীমা	:	০৫ আগস্ট ২০১৯ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
২.	ডিজাইনের প্রাথমিক বাছাই	:	০৭ আগস্ট ২০১৯
৩.	সম্মানি/পুরস্কার	:	১ম পুরস্কার-১,০০,০০০/- টাকা ২য় পুরস্কার-৫০,০০০/- টাকা ৩য় পুরস্কার-২৫,০০০/- টাকা
৪.	ডিজাইন পাঠানোর ঠিকানা	:	সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা- ১২১৫
৫.	সফট কপি পাঠানোর ঠিকানা	:	berc2003@gmail.com
৬.	আকার	:	৮.৫" × ১১" (চার রং)
৭.	পেপার	:	আর্ট/ডিজিটাল পেপার

৩। যে কোন আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের জন্য একটি নান্দনিক ও আকর্ষণীয় উপস্থাপনের মাধ্যমে কমিশনের কার্যক্রমের প্রতিফলন ঘটে এমন এক বা একাধিক কভার পেজের ডিজাইন দাখিল করতে পারবেন। বর্ণিত শর্তে আগ্রহী ডিজাইনারগণকে নিজস্ব যোগাযোগের তথ্যাদি (মোবাইল নম্বর, ই-মেইলসহ) তাদের ডিজাইনকৃত কভার পেজের হার্ডকপি/সফটকপি নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত ঠিকানায় প্রেরণের অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোনো ডিজাইন গৃহীত হবে না।

৪। এ ডিজাইনের স্বত্ব (কপিরাইট) কমিশনের থাকবে।

৫। ডিজাইন প্রস্তুতের বিষয়ে অধিকতর তথ্য ও নির্দেশনা প্রাপ্তির জন্য কমিশনের ওয়েব সাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd) অথবা কমিশনের হেল্পলাইন নাম্বার ০২-৮১৮৯৮৩২ এর সহায়তা নেয়া যেতে পারে।

  
মোঃ রফিকুল ইসলাম  
সচিব  
ফোন: ৯১৪০১২৫

“টেকসই উন্নয়নের জন্য জ্বালানি নিরাপত্তা”